সমকাল

তারিখ ...... 23 APR 2017
পৃষ্ঠা ... 2 ... কলাম 2 ...

সেমিনারে বক্তারা

# এসডিজি বাস্তবায়নে মানব সক্ষমতা বাড়াতে হবে

■ সমকাল প্রতিবেদক

এসডিজি বাস্তবায়নে মানব সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে কৌশল ও উদ্যোগ গ্রহণে করতে হবে। এজন্য সরকারকে প্রাতিষ্ঠানিক দক্ষতা বাড়িয়ে সমন্বিত পরিকল্পনা গ্রহণ করতে হবে। গতকাল শনিবার জাতীয় প্রেস ক্লাবে অনুষ্ঠিত এক সেমিনারে এ অভিমত প্রকাশ করেন বক্তারা। 'এসডিজি অর্জনে জাতীয়-স্বেচ্ছা পর্যালোচনা : নাগরিক সমাজের দৃষ্টিভঙ্গি ও মতামত' শীর্ষক এ সেমিনারটি যৌথভাবে আয়োজন করে এশিয়ান ডেভেলপমেন্ট অ্যালায়েন্স, ইক্যুইটি অ্যান্ড জাস্টিস ওয়ার্কিং গ্রুপ বাংলাদেশ, সুশাসনের জন্য প্রচারাভিযান ও গ্লোবাল ক্যাম্পেইন অ্যাগেইনস্ট পোভার্টি।

পিকেএসএফ সভাপতি কাজী খলিকুজ্জমানের সভাপতিত্বে সেমিনারে বক্তব্য রাখেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. আবদুল মান্নান, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জ্যেষ্ঠ সহকারী সচিব ড. মনসুর আলম খান, সিডিএফ সভাপতি এমরানুল হক চৌধুরী, বাংলাদেশ পরিবেশ আন্দোলনের ড. আবদুল মতিন, গণ সাক্ষরতা অভিযানের তপন দাস, বাংলাদেশ উন্নয়ন পরিষদের ড. নিলুফার বানু, অ্যাকশন অন ডিজঅ্যাবিলিটি অ্যান্ড ডেভেলপমন্টের শফিকুর রহমান। সঞ্চালনা করেন গ্লোবাল ক্যাম্পেইন অ্যাগেইনস্ট পোভার্টির জাতীয় সমন্বয়কারী মো. আবদুল আওয়াল।

প্রতিমন্ত্রী মো. আবদুল মান্নান বলেন, উন্নয়নের জন্য আমাদের শক্তিশালী প্রতিষ্ঠান প্রয়োজন; কিন্তু সুশীল সমাজের সহযোগিতা ছাড়া এটা সম্ভব নয়।

ড. কাজী খলিকুজ্জমান বলেন, মানব উন্নয়নে আদর্শ বিনিয়োগের হার হচ্ছে, মোট জিডিপির ১৭ শতাংশ। আমাদের সম্পদ সীমিত তাই এ বিনিয়োগ এ মুহূর্তে সম্ভব নয়।

ড. মনসুর আলম খান বলেন, উন্নয়ন সহায়তার কার্যকর ব্যবহারের ওপর নীতি তৈরি করছে। এটা হলে আন্তর্জাতিক সহায়তাগুলোর কার্যকর ব্যবহার নিশ্চিত করা যাবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর